



বাংলাদেশিসহ ১৫৭ অভিবাসীকে দেশে পাঠাল মালয়েশিয়া



ছবি: সংগৃহীত

অবৈধ অভিবাসনবিরোধী অভিযানের অংশ হিসেবে বাংলাদেশিসহ ১৫৭ জনকে নিজ নিজ দেশে ফেরত পাঠিয়েছে মালয়েশিয়া। বুধবার (২১ অক্টোবর) কেদাহ রাজ্যের বেলান্তিকি অভিবাসন আটককেন্দ্র থেকে তাঁদের কুয়ালালামপুর আন্তর্জাতিক বিমানবন্দরের টার্মিনাল-১ দিয়ে পাঠানো হয়।

মালয়েশিয়ার অভিবাসন বিভাগ জানায়, ফেরত পাঠানো ব্যক্তিদের মধ্যে ১২৮ জন পুরুষ, ২৬ জন নারী ও তিন শিশু রয়েছেন। তাঁদের মধ্যে বাংলাদেশ, চীন, ভারত, পাকিস্তান, দক্ষিণ সুদান, অস্ট্রেলিয়া, নাইজেরিয়া, ভিয়েতনাম ও মিয়ানমারের নাগরিক রয়েছেন। তবে তাঁদের মধ্যে কতজন বাংলাদেশি, তা জানানো হয়নি।

আটক ব্যক্তিদের সাজা ভোগের মেয়াদ শেষ হওয়ার পর প্রত্যাবাসনের উদ্যোগ নেওয়া হয়। এ কার্যক্রমে কেদাহ অভিবাসন বিভাগের ২১ কর্মকর্তা দায়িত্ব পালন করেন। বিমানভাড়া বহন করেন সংশ্লিষ্ট ব্যক্তি, তাঁদের পরিবারের সদস্য অথবা নিজ নিজ দেশের দূতবাস।

মালয়েশিয়ায় পুনরায় প্রবেশ ঠেকাতে ফেরত পাঠানো ১৫৭ জনকে কালো তালিকাভুক্ত করা হয়েছে। দেশটির অভিবাসন বিভাগ জানিয়েছে, অবৈধ অভিবাসীদের শনাক্ত, আটক ও প্রত্যাবাসনের কার্যক্রম অব্যাহত থাকবে।